



UNIVERSITY OF NORTH BENGAL
B.Sc./B.Com. General Part-III Examination, 2020

COMPULSORY BENGALI
PAPER-BNGM-MIL (Revised New Syllabus)
(FOR SCIENCE AND COMMERCE)

Time Allotted: 1 Hour

Full Marks: 25

পাঠ্যসূত্র সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

The word limit mentioned below against each question to be strictly followed by the students:
1 mark-20 words / 2 marks-30 words / 2.5 marks-40 words / 3 marks-50 words / 4 marks-60 words
5 marks-100 words / 8 marks-220 words / 10 marks-300 words.

- ১। ‘আমার কৈফিয়ৎ’ কবিতায় নজরুল ইসলাম কাদের কাছে কী কৈফিয়ৎ দিয়েছেন? সেটি কবিতা
অবলম্বনে নিজের ভাষায় লেখো। ৫

অথবা

‘গঙ্গার জোয়ারে এসে লাগে ১+২+২=৫

ভল্লার তীরের স্পর্শ’

— কোন্ প্রসঙ্গে কবির এই মন্তব্য? ‘গঙ্গার জোয়ার’ বলতে তিনি কি বুঝিয়েছেন? ‘ভল্লার তীরের
স্পর্শ’ কথাটির তাৎপর্য কি?

- ২। ‘আমার বিশ্বাস, শিক্ষা কেউ কাউকে দিতে পারে না। ১+৪=৫

সুশিক্ষিত লোকমাত্রই স্বশিক্ষিত।’

— কোন্ প্রসঙ্গে এই মন্তব্য করা হয়েছে? মন্তব্যটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

‘বৈজ্ঞানিক বুদ্ধি’ প্রবন্ধের রচয়িতার নাম লেখো। ‘বৈজ্ঞানিক বুদ্ধি’ বলতে কি বোঝায়? বিজ্ঞাপনকে ১+১+১+২
প্রাবন্ধিক কেন ‘আপ্তবাক্য’ বলেছেন? তা কিভাবে ক্রমশ মানুষের বিচারবুদ্ধিকে আচ্ছন্ন করে ফেলেছে = ৫
সংক্ষেপে আলোচনা করো।

- ৩। ‘অভাগী’ কে? তার স্বর্গলাভের বাসনা হয়েছিল কেন? এই বাসনার পরিণতি কি হয়েছিল? ১+১+৩= ৫

অথবা

‘ইজ্জত’ গল্পে সুমিত্রার ইজ্জতের লড়াই ও তার ব্যর্থতার কাহিনীটি সংক্ষেপে লেখো। ৫

৪। ভাবসম্প্রসারণ করোঃ

“ধর্মের নামে মোহ এসে যারে ধরে,
অন্ধ সে জন, মারে আর শুধু মরে।”

অথবা

সংক্ষিপ্তসার লেখোঃ

সুখ প্রতিদিনের সামগ্রী, আনন্দ প্রত্যহের অতীত। সুখ শরীরের কোথাও পাছে ধূলা লাগে বলিয়া সংকুচিত, আনন্দ ধূলায় গড়াগড়ি দিয়া নিখিলের সঙ্গে আপনার ব্যবধান ভাঙিয়া চুরমার করিয়া দেয়। এইজন্য সুখের পক্ষে ধূলা হয়, আনন্দের পক্ষে ধূলা ভূষণ। সুখ পাছে কিছু হারায় বলিয়া ভীত, আনন্দ যথাসর্বস্ব বিতরণ করিয়া তৃপ্ত; এইজন্য সুখের পক্ষে রিক্ততা দারিদ্র্য, আনন্দের পক্ষে দারিদ্র্যই ঐশ্বর্য। সুখ ব্যবস্থার বন্ধনের মধ্যে আপনার শ্রীটুকু সতর্কভাবে রক্ষা করে। আনন্দ-সংহারের মুক্তির মধ্যে আপন সৌন্দর্যকে উদারভাবে প্রকাশ করে। এইজন্য সুখ বাহিরের নিয়মে বদ্ধ, আনন্দ সে বন্ধন ছিন্ন করিয়া আপনার নিয়ম আপনিই সৃষ্টি করে। সুখ সুধাটুকুর জন্য তাকাইয়া বসিয়া থাকে, আনন্দ দুঃখের বিষয়কে অনায়াসে পরিপাক করিয়া ফেলে। এইজন্য কেবল ভালটুকুর দিকেই সুখের পক্ষপাত, আর আনন্দের পক্ষে ভালমন্দ দুইই সমান।

৫। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

- (ক) কলেজের প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠান উপলক্ষে ছাত্র-সংসদের পক্ষ থেকে একটি ভাষণ প্রস্তুত করো।
- (খ) তোমার মহাবিদ্যালয়ে আস্তঃজেলা ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে — এ বিষয়ে একটি আমন্ত্রণপত্র রচনা করো।
- (গ) এলাকায় প্লাস্টিকের ক্যারিব্যাগ ব্যবহার নিষিদ্ধ করা হলো — এই মর্মে মহকুমা শাসকের পক্ষ থেকে একটি বিজ্ঞপ্তি রচনা করো।
- (ঘ) ছাত্রদের রাজনীতিতে অংশগ্রহণের বিষয়ে মহাবিদ্যালয়ের অধ্যক্ষের সঙ্গে কথোপকথনের একটি কাল্পনিক সাক্ষাৎকার প্রস্তুত করো।

—x—